গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bmd.gov.bd

নম্বর- ২৩.০৯.২৬৮০.১৭২.১৬.০০২.২৫.১৩০১

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩২
০৪ জুন ২০২৫

**বিষয়: জুন - আগস্ট ২০২৫ খ্রি: এর আবহাওয়ার পূর্বাভাস।**

**General Condition (সাধারণ অবস্থা):**

১. জুন ২০২৪ - মে ২০২৫ মাসে Southern Oscillation Index (SOI) এর মান ছিল যথাক্রমে -৩.১, -৯.৫, +৭.৮, -১.০, +৪.২, +৬.৫ ও +৩.৭, +৭.৭, +১০.০, +২.৬, +২.১ (Bureau of Meteorology, Australia) ।

২. মে ২০২৫ মাসে দেশে স্বাভাবিক অপেক্ষা (+৬২.৯%) বৃষ্টিপাত হয়েছে। দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু ২৪ মে ২০২৫ কক্সবাজার উপকূল এবং ৩১ মে ২০২৫ সারাদেশে বিস্তার লাভ করে। ২৭ মে ২০২৫ উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় একটি লঘুচাপ তৈরি হয়। ২৮ মে ২০২৪ সকাল ৬টায় উত্তরপশ্চিম বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপটি একই এলাকায় সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়। ২৯ মে সকাল ৬টায় সুস্পষ্ট লঘুচাপটি ঘণীভূত ও উত্তর দিকে অগ্রসর হয়ে একই এলাকায় নিম্নচাপ এবং দুপুর ১২টায় আরও ঘণীভূত হয়ে গভীর নিম্নচাপে পরিণত হয়। পরবর্তীতে গভীর নিম্নচাপটি আরও উত্তর দিকে অগ্রসর হয়ে বিকাল ০৩টায় সাগরদ্বীপ ও খেপুপাড়ার মধ্য দিয়ে পশ্চিমবঙ্গ-বাংলাদেশ উপকূল অতিক্রম শুরু করে এবং এটি আরও উত্তর দিকে অগ্রসর হয়ে সন্ধ্যা ০৬টায় উপকূল অতিক্রম সম্পন্ন করে সাতক্ষীরা ও তৎসংলগ্ন এলাকায় স্থল গভীর নিম্নচাপ আকারে অবস্থান করে। সাতক্ষীরা ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত গভীর স্থল নিম্নচাপটি উত্তর/উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে স্থল নিম্নচাপ আকারে ৩০ মে ২০২৫ সকাল ০৯ টায় টাঙ্গাইল ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করে এবং এটি উত্তর/উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে স্থল সুস্পষ্ট লঘুচাপ আকারে ৩০ মে সন্ধ্যা ০৬ টায় শেরপুর ও তৎসংলগ্ন মেঘালয়ে অবস্থান করে। পরবর্তীতে এটি আরো উত্তর/উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে বৃষ্টি ঝড়িয়ে ক্রমশ দুর্বল হয়ে গুরুত্বহীন হয়ে পড়ে। পশ্চিমা লঘুচাপের সাথে পূবালী বায়ুপ্রবাহের সংযোগ ঘটায় ১-৬, ৮, ১১-২৭ মে ২০২৫ এবং গভীর নিম্নচাপের প্রভাবে ২৯-৩১ মে ২০২৫ সময়ে দেশের অনেক স্থানে মাঝারি থেকে অতি ভারী বৃষ্টিপাত রেকর্ড করা হয়। এ সময় সর্বোচ্চ বৃষ্টিপাত ৪০৫ মি.মি. সিলেটে রেকর্ড (৩১ মে ২০২৫) করা হয়। ভারতের পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন বাংলাদেশের পশ্চিমাঞ্চলীয় এলাকায় তাপীয় লঘুচাপ অবস্থান করায় দেশের অনেক অঞ্চলের উপর দিয়ে ৭-১৭, ২০-২১ এবং ২৫-২৮ মে ২০২৫ পর্যন্ত মৃদু থেকে তীব্র তাপপ্রবাহ বয়ে যায়। এ মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৪২.০°সে. (চুয়াডাঙ্গা ১০ মে ২০২৫) এবং দেশের সর্বনিম্ন তাপমাত্রা ১৯.০°সে. (রাঙামাটি ১২ মে ২০২৫) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ০.৪°সে. ও ০.৫°সে. বেশি এবং গড় তাপমাত্রা ০.৪°সে. বেশি ছিল। বৃষ্টিপাত, তাপমাত্রা, তাপপ্রবাহ, কালবৈশাখী ঝড়, ঘূর্ণিঝড়, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা মে ২০২৫ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

৩. প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, Climate Predictability Tool (CPT), ECMWF, JMA, NOAA, IRI-Columbia University, APCC-Korea, RIMES, C3S এবং বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs) থেকে প্রাপ্ত NWP মডেল পূর্বাভাস, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদি যথাযথ বিশ্লেষণপূর্বক জুন-আগস্ট ২০২৫ খ্রি: এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

| বিভাগ | জুন ২০২৫ খ্রি: | | জুলাই ২০২৫ খ্রি: | | আগস্ট ২০২৫ খ্রি: | | জুন ২০২৫ খ্রি: মাসে মাটির আর্দ্রতা (০৫-৫০ সে.মি. পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|---|
| | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:) | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:) | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:) | |
| ঢাকা | ৩৫৬ | ৩৪০-৩৭০ | ৩৬৮ | ৩৩০-৪০৫ | ৩১২ | ২৮০-৩৪০ | ৩০-৪০ |
| ময়মনসিংহ | ৪৩২ | ৪১০-৪৫০ | ৪২৭ | ৩৮৫-৪৭০ | ৩৪০ | ৩০০-৩৮০ | ৩৫-৪৫ |
| চট্টগ্রাম | ৫৮৯ | ৫৬০-৬২০ | ৭২০ | ৬৫০-৭৯০ | ৫৫৬ | ৫০০-৬১০ | ৩০-৪০ |
| সিলেট | ৬৩৪ | ৫২০-৬৪০ | ৫৭৯ | ৫২০-৬৩৫ | ৪৫৬ | ৪১০-৫০০ | ৩৫-৪৫ |
| রাজশাহী | ৩০৫ | ২৯০-৩২০ | ৩৬২ | ৩২৫-৪০০ | ২৭৯ | ২৫০-৩০০ | ২৫-৩৫ |
| রংপুর | ৪৮৯ | ৩৭০-৪২০ | ৪২৭ | ৩৮৫-৪৭০ | ৩৮০ | ৩৪০-৪১০ | ৩০-৪০ |
| খুলনা | ২৯৬ | ২৮০-৩১০ | ৩৩৯ | ৩০৫-৩৭৫ | ২৯১ | ২৬০-৩২০ | ২৫-৩৫ |
| বরিশাল | ৪৮৩ | ৪৬০-৫১০ | ৫১৯ | ৪৬৫-৫৭০ | ৪৩৩ | ৩৯০-৪৭০ | ৩০-৪০ |

১. সামগ্রিকভাবে দেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
২. ৩-৪টি লঘুচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে ২/৩টি মৌসুমী নিম্নচাপে পরিণত হতে পারে।
৩. এ সময়ে দেশে ১২-১৫ দিন হালকা থেকে মাঝারি ধরণের বজ্রঝড় হতে পারে।
৪. এ সময়ে দেশে ৮-১০ টি বিচ্ছিন্নভাবে মৃদু (৩৬-৩৭.৯°সে.) থেকে মাঝারি (৩৮-৩৯.৯° সে.) ধরণের তাপ প্রবাহ বয়ে যেতে পারে।
৫. দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা কিছুটা বেশি থাকতে পারে।

০৪/৬/২৫

(মোঃ মমিনুল ইসলাম)
পরিচালক (চলতি দায়িত্ব)
ও চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

মাননীয় উপদেষ্টা
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফ্যাক্সঃ ৯৫৪০৫৫৫, ৯৫৭৬৫৬৫

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মাননীয় উপদেষ্টা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৩৫০০২১।
২। মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, ফ্যাক্সঃ ২২৩৩৮৬৫৫৯।
৩। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ফ্যাক্সঃ ৫৮১৫৩০২০।
৪। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ২২৩৩৫২২১।
৫। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ফ্যাক্সঃ ৯৫০৪০০১।
৬। সিনিয়র সচিব, বানিজ্য মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৭৪১।
৭। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৫৮১৫২৫৩০।
৮। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৪০৫।
৯। সচিব, কৃষি মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৭৬৫৬৫।
১০।সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ফ্যাক্সঃ ৯৫১৪৬৭৮।